# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৪৩) আল্লাহর প্রতি ঈমান আনয়নের বিস্তারিত ব্যাখ্যা কি?

আল্লাহ তাআলার প্রতি ঈমান আনয়নের বিস্তারিত ব্যাখ্যা হচ্ছে, অন্তরের গভীর থেকে আল্লাহ তাআলার অস্তিত্বের প্রতি দৃঢ় বিশ্বাস স্থাপন করা। অতীতে তার কোন সমকক্ষ ছিলনা, ভবিষ্যতেও তার কোন সমকক্ষ হতে পারবে না। তিনিই প্রথম। তার পূর্বে কেউ ছিল না। তিনিই সর্বশেষ; তাঁর পর কোন কিছুই অবশিষ্ট থাকবে না। তিনিই প্রকাশমান। তাঁর চেয়ে প্রকাশমান আর কেউ নেই। তিনিই অপ্রকাশমান। আর কোন কিছুই তাঁর জ্ঞান থেকে গোপন নয়। অর্থাৎ অপ্রকাশ্য সকল বস্তু সম্পর্কে তিনি পূর্ণ অবগত আছেন। তিনি চিরজীবন্ত, সব কিছুর রক্ষণাবেক্ষণকারী, একক এবং অমুখাপেক্ষী। আল্লাহ্ তা'আলা বলেনঃ

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ * اللَّهُ الصَّمَدُ * لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ * وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ

‘‘হে নবী! আপনি বলুনঃ তিনিই আল্লাহ একক। আল্লাহ্ অমুখাপেক্ষী। তিনি কাউকে জন্ম দেন নি এবং কেউ তাঁকে জন্ম দেয় নি। আর তাঁর সমতুল্য কেউ নেই’’।

এমনিভাবে আল্লাহর প্রতি ঈমান অর্থ এ কথারও স্বীকারোক্তি প্রদান করা যে, আল্লাহ তাঁর এবাদত, তাঁর প্রভুত্ব, এবং তাঁর নাম ও গুণাবলীর ক্ষেত্রে এক ও অদ্বিতীয়। তাঁর কোন শরীক নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2065

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন